Vol. 135 Issue 168

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

July - September 2013

প্রস্তাবিত - চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল




## চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে বিদ্যমান চিকিৎসাসেবা সমূহ :

### বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিওরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
১০. নাক-কান-গলা
১১. চক্ষু
১২. চর্ম ও যৌন রোগ
১৩. মানসিক রোগ
১৪. দন্ত
১৫. ফিজিক্যাল মেডিসিন
১৬. পরিবার পরিকল্পনা
১৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
১৮. ইপিআই
১৯. বিশেজ্ঞ চিকিৎসকগণের কনসাল-টেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস
২১. ইভিনিং আউটডোর সার্ভিস

### বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ, সিসিইউ ও এইচডিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিক্স আইসিইউ, এইচডিইউ ও এনআইসিইউ সার্ভিস
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস্ ল্যাপারোস্কোপিক সার্জারী
৭. প্লাষ্টিক সার্জারীসহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য অত্যাধুনিক সুযোগ-সুবিধাসহ শিশু বিকাশ কেন্দ্র।
৯. এ্যাজমা সেন্টার
১০. ডায়বেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১১. সাব-স্পেশালিটি ক্লিনিক
১২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৩. ক্লাব ফুট সার্ভিস

### ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস্
২. থেলাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা

### আন্তঃ বিভাগ

১. মেডিসিন ২. শিশু স্বাস্থ্য
৩. নিওনেটলজি
৪. শিশু নিওরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী ৮. ইউরোলজি
৯. নেফ্রোলোজি
১০. অবস্ এন্ড গাইনী
১১. নাক-কান-গলা ১২. চক্ষু

### আধুনিক ডায়গনষ্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. ভিডিও এন্ডোসকপি, ইআরসিপি
৫. এক্সরে
৬. ই.সি.জি, ই.ই.জি
৭. ক্লিনিক্যাল প্যাথলজি
৮. বায়োকেমিস্ট্রি
৯. মাইক্রোবায়োলজি
১০ হিষ্টোপ্যাথলজি
১১. সাইটোপ্যাথলজি

# President's Corner

## *Huge Development and Maintenance*

Respected Life Members-Assalamu Alaikum and a belated Eid Mubarak & Bijoya Dashami to you all.

The last 3/4 months, the hospital has seen a huge development and maintenance activities. Our buildings (Hospital & Nursing Dormitory) are very old and needs constant repair and maintenance. That we have always been carrying out. But following the collapse of Rana Plaza in Saver, Dhaka, we became more concerned and took up the huge repair and strengthening job at many places of the buildings. This took a lot of our time and money. Realising the ever-growing demand, we have built many extensions to accommodate and reorganize many departments.

To name a few of those:

1) The hospital office is newly built at the back of the hospital. This has become a standard office with conveniences and facilities giving the officers a healthy working environment.
2) The old office area has been upgraded to a standard position and the department of ENTD has been shifted there with more beds and facilities.
3) The pediatrics surgery department has been rebuilt on top of the new office and the department has been reorganized and shifted to the area.
4) 2 more floors have been built to house the department of ophthalmology (indoor) with 10 beds.
5) With the shifting of the ENTD & Eye department the medicine department has been extended to almost double making the male and female patients absolutely separate. More facilities for doctors and nurses have been provided.
6) With building the Child Development Center complete a new in the northern part of the hospital, this is now a very standard department with comfortable situations for both patients and care givers. A children play corner has also been built. This has helped us to reorganise the OPD which is more specious and accommodate more patients and service givers in a comfortable situations.
7) The female surgical ward is being separately built on the 4th floor to the new construction. The present surgical ward will be entirely for the male patients and the female patients wing on the same floor adjacent to the department.
8) The Obs.-Gynae department has also got extended in the 2nd floor the new construction having 16 no. beds all attached to original gynae-obs. department.
9) Additional 12 no of cabins have been built making the waiting time for the cabins short. In addition a new block of cabin has built on the northern side on top of the Child Development Center. Previous no. of cabin 33, Total no of cabins 55.
10) Some VIP cabins are have been built and being built.
11) A new parking lots for hospital cars are being built along with staff vehicles parking areas. These are well-planned, qualitative and calculative development of the present building. Thanks to the Maintenance & Development Committee Chair and members.

### OUR DREAM PROJECT

Construction of our new 850-bedded 14-storied general and specialized hospital building occupying 5 lac 50 thousand sqft. floor space areas started nearly six months ago. Foundation i.e the first phase of construction is almost complete. We are ready for the 2nd phase (civil work) and the work should start in a couple of months time. The plan Development Committee Chair and members are working relentlessly. Thanks to all of them. I wish to put on record that my health condition kept me away from the hospital activities recently but the Development, Maintenance and administrative activities have been very well and smooth under the able guidance of Acting President Prof. Taher Khan.

I wish to appreciate the services of all concerned and thank you all.

All these gigantic activities of improvement have been possible because of the dedication and selfless commitment of our members of the Executive Committee because we are all united and we shall, inshallah remain united to take this organization to a much greater height.

**"UNITED WE RISE, DIVIDED WE FALL"**

I urge upon you all to support the committee unitedly.

With warm wishes

**Prof. A.S.M Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.

## এ কে খান হেলথ কেয়ার ট্রাস্ট কর্তৃক আয়োজিত ১ বছর মেয়াদী নার্সিং ব্রিজ প্রোগ্রামে অংশ গ্রহণকারী নার্সদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত

এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্ট কর্তৃক আয়োজিত চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালের নার্সদের ১ বছর মেয়াদী নার্সিং ব্রিজ প্রোগ্রামের সার্টিফিকেট



*এ কে খান হেলথ কেয়ার ট্রাস্ট কর্তৃক আয়োজিত ১ বছর মেয়াদী নার্সিং ব্রীজ প্রোগ্রামের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম, একেখান হেলথ কেয়ার ট্রাস্টের উপদেষ্টা জনাব মো. আবদুল্লাহ, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, এস এম মোরশেদ হোসেন, চমাশিহা মেডিকেল কলেজের প্রফেসর এএসএম মোস্তাক আহমেদ ও একেখান পরিবারের সন্তান ও জনাব একেএম শামসুদ্দিন খানের মেয়ে মিস. শারফিনাজ খান।*

প্রদান অনুষ্ঠান গত ১২/০৯/২০১৩ ইং তারিখ হাসপাতালের লেকচার হলে অনুষ্ঠিত হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের উপদেষ্টা জনাব মোঃ আবদুল্লাহ। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া ও জনাব এ কে শামসুদ্দিন খানের মেয়ে মিস শারফিনাজ খান। প্রশিক্ষণে অংশ গ্রহণকারী নার্সদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মিসেস নাজমুন নাহার। সভায় বক্তারা বলেন, এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্ট কর্তৃক আয়োজিত ১ বছর মেয়াদী এই নার্সিং ব্রিজ প্রোগ্রামের মাধ্যমে অত্র হাসপাতালের নার্সদের সেবা ও দক্ষতা অনেক বৃদ্ধি পেয়েছে। এ ধরনের ট্রেনিং এর মাধ্যমে আমাদের দেশের নার্সগণ বাহিরের নার্সদের ন্যায় দক্ষতা অর্জন করতে সক্ষম হবে। যা বাংলাদেশে স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সভাতে আরো বলা হয়, নার্সদের উন্নয়ন ছাড়া স্বাস্থ্য সেবার কাঙ্খিত উন্নয়ন কোন ভাবেই সম্ভব নয়। তাই প্রথমে নার্সদের প্রশিক্ষিত ও দক্ষ করে গড়ে তুলতে হবে। এ ব্যাপারে সরকারী ও বেসরকারী সমন্বিত উদ্যোগ প্রয়োজন। এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টকে এ ধরনের প্রোগ্রাম আয়োজনের জন্য ধন্যবাদ জানানো হয়। সভায় আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব এস এম কুতুব উদ্দিন, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম, নার্সিং উপদেষ্টা মিসেস মালতী বড়ুয়া, নার্সিং প্রিন্সিপাল মিসেস ঝিনু রানী দাশ ও নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক শিক্ষিকা, ছাত্র/ছাত্রী ও প্রশিক্ষনার্থী নার্সগণ। উল্লেখ্য যে, এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের সহযোগিতায় অত্র হাসপাতালে ১ বছর মেয়াদী নার্সিং ব্রিজ প্রোগ্রামের আয়োজন করা হয়। ২টি ব্যাচে মোট ১০০ জন নার্স উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন। আমেরিকা, লন্ডন, ইন্ডিয়া থেকে আগত প্রশিক্ষকগণ উক্ত প্রশিক্ষণ প্রোগ্রামে নার্সদের প্রশিক্ষণ প্রদান করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন হাসপাতালের উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া ও এ কে খান হেলথ কেয়ার ট্রাষ্টের প্রোগ্রাম কো-অর্ডিনেটর শবনম সুলতানা।

## বিশ্ব হার্ট দিবস উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বর্ণাঢ্য র‌্যালী অনুষ্ঠিত

বিশ্ব হার্ট দিবস উপলক্ষে গত ২৯/০৯/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জাবেদ সরফুদ্দিন কার্ডিয়াক সেন্টার (সিসিইউ ইউনিট) এর উদ্যোগে একটি বর্ণাঢ্য র‌্যালীর আয়োজন করা হয়। র‌্যালীটি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল থেকে শুরু হয়ে আগ্রাবাদ বাদামতলী হয়ে পুনরায় হাসপাতালে এসে শেষ হয়। র‌্যালীতে অংশ গ্রহণ করেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ এ এম এম এহতেশামুল হক, সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ আবু তারেক ইকবাল, সহযোগী অধ্যাপক ডাঃ এ এ এম রাইহান উদ্দিন, সিনিয়র কনসালটেন্ট ডাঃ মোঃ মোস্তফা, সহকারী অধ্যাপক (চক্ষু) ডাঃ মোজাম্মেল হক শারিফি, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ এ কে এম আশরাফুল করিম, নার্সিং উপদেষ্টা মিসেস মালতী বড়ুয়া, নার্সিং সুপারিনটেনডেন্ট মিস বিদ্যুৎ দেওয়ান প্রমুখ। এছাড়া র‌্যালীতে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন। এই উপলক্ষে হাসপাতালের সিসিইউ তে ভর্তিকৃত রোগীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।




*বিশ্ব হার্ট দিবস উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃক আয়োজিত র‌্যালিতে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডা. এম. মাহফুজুর রহমান, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটার মো. রেজাউল করিম আজাদ, ভারপ্রাপ্ত পরিচালক প্রশাসন ডা. মো. নুরুল হক, মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান ডা. এ এম এম এহতেশামুল হক, সিসিইউ ইউনিট ইনচার্জ ডা. আবু তারেক ইকবাল ও হাসপাতালের চিকিৎসক ও কর্মকর্তাগণ।*

## বিশিষ্ট শিল্পপতি পেডরোলো এনকে'র চেয়ারম্যান জনাব নাদের খান কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ১০ লক্ষ টাকা অনুদান প্রদান

বিশিষ্ট শিল্পপতি, সমাজ সেবক, পেডরোলো এন কে লিমিটেড এর চেয়ারম্যান জনাব নাদের খান চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে ১০ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। গত ১০/০৯/২০১৩ইং তারিখ তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেনের কাছে উক্ত অনুদানের চেক হস্তান্তর করেন। চেক হস্তান্তরকালে শিল্পপতি জনাব নাদের খান বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল চট্টগ্রামের অসহায় ও গরীব রোগীদের চিকিৎসায় অনন্য সাধারণ একটি প্রতিষ্ঠান। তিনি আশা পোষন করেন, অত্র হাসপাতাল বৃহত্তর চট্টগ্রামে রোগীদের চিকিৎসা সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। বিশেষ করে গরীব ও দুঃস্থ রোগীদের চিকিৎসা সেবায় এই প্রতিষ্ঠান এক অনন্য সাধারণ প্রতিষ্ঠান হিসেবে মানুষের কাছে সমাদৃত হয়েছে। তিনি অত্র হাসপাতালের সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং আশা করেন চট্টগ্রামের তথা দেশের ধনাঢ্য ব্যক্তিগণ এ প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রমে অংশীদার হিসেবে এগিয়ে আসবেন। হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট লায়ন এস এম মোরশেদ হোসেন জনাব নাদের খানকে তার এই মহতী উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আন্তরিক ধন্যবাদ জানান। তিনি জনাব নাদের খানের মত দেশের অন্যান্য শিল্পপতি ও ধনাঢ্য ব্যক্তিদের চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বিশাল উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতার হাত প্রসারিত করার আহবান জানান।



*বিশিষ্ট শিল্পপতি জনাব নাদের খান হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এসএম মোরশেদ হোসেনের কাছে ১০ লক্ষ টাকার অনুদানের চেক হস্তান্তর করছেন।*

## এ কে খান ফাউন্ডেশনের ডাইরেক্টর হেলথ শাইরিন শ্যামা ইসলাম এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

এ কে খান ফাউন্ডেশনের ডাইরেক্টর হেলথ শাইরিন শ্যামা ইসলাম গত ২১/০৯/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তার সাথে এ কে খান ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ আবুল বাশার উপস্থিত ছিলেন। তিনি হাসপাতালের কিডনী ডায়ালাইসিস ইউনিট সহ বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে মিসেস শাইরিন শ্যামা ইসলাম হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এ সময় কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও সহকারী পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ মনজুরুল আলম চৌধুরী উপস্থিত ছিলেন। মিসেস শাইরিন শ্যামা ইসলাম হাসপাতাল পরিদর্শন করে হাসপাতালের সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি এ কে খান ফাউন্ডেশনের পক্ষ থেকে হাসপাতালের উন্নয়নে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এখানে উল্লেখ্য যে, এ কে খান ফাউন্ডেশনের অর্থায়নে হাসপাতালের কিডনী ডায়ালাইসিস ইউনিটটি চলমান আছে। ভবিষ্যতে এ কে খান ফাউন্ডেশন অত্র হাসপাতালে নার্সিং কলেজ প্রতিষ্ঠার জন্য অবকাঠামো নির্মাণ সহ সর্বাত্মক সহযোগিতার প্রতিশ্রুতি প্রদান করেন।



*এ কে খান ফাউন্ডেশনের ডাইরেক্টর হেলথ মিসেস শাইরিন শ্যামা ইসলাম চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শনে আসলে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

## বিশিষ্ট সমাজ সেবক জনাব মাজহারুল হক কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে অনুদান হিসেবে মেডিকেল যন্ত্রপাতি প্রদান

বিশিষ্ট সমাজ সেবক জনাব মাজহারুল হক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে কিছু মেডিকেল যন্ত্রপাতি (সিরিঞ্জ পাম্প) অনুদান হিসেবে প্রদান করেন। গত ৩০/০৯/২০১৩ ইং তারিখ তিনি হাসপাতালের ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ এর কাছে আনুষ্ঠানিক ভাবে উক্ত মেডিকেল যন্ত্রপাতি হস্তান্তর করেন। এ সময় হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, নিওনেটলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও ডাঃ এ কে এম আশরাফুল করিম, শিশু স্বাস্থ্য বিভাগের মেডিকেল অফিসার ডাঃ ফাহিম হাসান রেজা উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ জনাব মাজহারুল হক সাহেবকে তার এ ধরনের মহতী উদ্যোগের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।



*বিশিষ্ট সমাজ সেবক জনাব মাজহারুল হক কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব রেজাউল করিম আজাদের নিকট অনুদান হিসেবে মেডিকেল যন্ত্রপাতি হস্তান্তর করছেন।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বার্ষিক ইফতার মাহফিল ও যাকাতের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বার্ষিক ইফতার মাহফিল ও যাকাতের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক এক আলোচনা সভা হাসপাতালের কার্যনির্বাহী কমিটির



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের বার্ষিক ইফতার মাহফিলে বক্তব্য রাখছেন একেখান ফাউন্ডেশনের ম্যানেজিং ট্রাস্টি জনাব সালাউদ্দিন কাসেম খান, হাসপাতালের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ভাইস-প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নূর মোহাম্মদ ও আলহাজ্ব মাওলানা আসহাব উদ্দিন কুতুবী।*

ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন তুরস্কের অনারারী কনসাল জেনারেল ও এ কে খান ফাউন্ডেশনের ম্যানেজিং ট্রাষ্টি জনাব সালাউদ্দিন কাসেম খান। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হাসপাতাল কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট লায়ন সৈয়দ মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, বড়পুকুর পাড় জামে মসজিদের খতিব আলহাজ্ব মাওলানা আসহাব উদ্দিন কুতুবি, আগ্রাবাদ বহুতল মসজিদের সাবেক খতিব আলহাজ্ব মাওলানা আবুল কালাম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব রেজাউল করিম আজাদ, ডাঃ মো. আরিফুল আমিন, ইঞ্জিনিয়ার জাবেদ আবছার চৌধুরী, ডাঃ শাহাদাৎ হোসেন, এস.এম. কুতুব উদ্দিন, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ প্রফেসর এস এম মোস্তাক আহমেদ, ভারপ্রাপ্ত পরিচালক(প্রশাসন) ডাঃ নুরুল হক প্রমুখ। সভায় প্রধান অতিথি জনাব সালাউদ্দিন কাসেম খান বলেন, যাকাত গরীবের অধিকার। এটা কোন করুনার বিষয় নয়। এদেশের ধনাঢ্য ব্যক্তিরা যদি যথাযথভাবে যাকাত আদায় করেন তাহলে এদেশে দারিদ্রতা দূর হবে। তিনি সকলকে যথাযথভাবে যাকাত আদায় করার আহবান জানান। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে দেশের অন্যতম সেরা প্রতিষ্ঠান উল্লেখ করে এই প্রতিষ্ঠানের গরীব রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য হাসপাতালের যাকাত ফান্ডে দান করার জন্য তিনি দেশের ভাগ্যবান ব্যক্তিদের আহবান জানান। তিনি আরও বলেন এ কে খান ফাউন্ডেশন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সার্বিক উন্নয়নে সব সময় পাশে থাকবে এবং সম্ভব সব ধরনের সহযোগিতা করে যাবে। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ডায়ালাইসিস ইউনিটের জন্য আরো ৪টি ডায়ালাইসিস মেশিন প্রদান করার প্রতিশ্রুতি দেন এবং যাকাত তহবিলে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর ২০১৩-২০১৫ শিক্ষাবর্ষে ডিসিএইচ কোর্সের ওরিয়েন্টেশন প্রোগাম অনুষ্ঠিত

গত ০১/০৭/২০১৩ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর ২০১৩-২০১৫ শিক্ষাবর্ষে ডিসিএইচ কোর্সের ওরিয়েন্টেশন প্রোগাম হাসপাতালের সেমিনার কক্ষে ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনষ্টিটিউটের উপ-পরিচালক প্রফেসর ডাঃ মোঃ বদরুদ্দোজা। প্রধান অতিথি তার বক্তব্যে ডিসিএইচ কোর্সে ভর্তিকৃত ছাত্রদের স্বাগত জানান ও অত্যন্ত নিষ্ঠার সাথে কোর্স চলাকালীন সময়ে অধ্যায়ন করার জন্য উপদেশ দেন। এখানে উল্লেখ্য, মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথে অতি শীঘ্রই এমডি (পেডিয়েট্রিকস) কোর্স চালু করা হবে। অনুষ্ঠানে ধন্যবাদ বক্তব্য রাখেন শিশু স্বাস্থ্য বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ফরিদুল আলম। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন নিওনেটলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ। অনুষ্ঠানে মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যাপক ও ডাক্তারগণ উপস্থিত ছিলেন।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ এর ২০১৩-১৫ শিক্ষাবর্ষে ডিসিএইচ কোর্সের ওরিয়েন্টশন প্রোগ্রামে প্রশিক্ষণার্থীদের কাছে কোর্স কারিকুলাম হস্তান্তর করছেন ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান।*

হাসপাতাল বহিঃ বিভাগ প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে মনিরা খাতুন এইচ.ডি.ইউ ইউনিট উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে মনিরা খাতুন এইচ.ডি.ইউনিট গত ৩০ আগস্ট ২০১৩ইং তারিখ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। বিশিষ্ট সমাজসেবক জনাব সৈয়দ মোঃ নুরুদ্দিনের মাতা মিসেস মনিরা খাতুন আনুষ্ঠানিকভাবে হাসপাতালের এইচ.ডি.ইউ ইউনিট উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম. এ. তাহের খান এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভাতে বক্তব্য রাখেন মিসেস মনিরা খাতুন, সৈয়দ আজিজ নাজিম উদ্দিন, সৈয়দ এজজাজ উদ্দিন আহমেদ, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস. এম. মোর্শেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মো. রেজাউল করিম আজাদ, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডা. মো. নূরুল হক, হাসপাতালের আজীবন সদস্য জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, হাসপাতালের সহকারী পরিচালক (প্রশাসন) মো. মোশাররফ হোসেন, সহকারী পরিচালক ডা. এ কে এম আশরাফুল করিম প্রমুখ। প্রধান অতিথি মিসেস মনিরা খাতুন হাসপাতালের সার্বিক কার্যক্রমের খুবই প্রশংসা করেন। তিনি সমাজের বিত্তশালীদের অসহায় মানুষের সাহায্যে ও চিকিৎসা সহায়তায় এগিয়ে আসার জন্য আহ্বান জানান। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার পরিবারের সহযোগিতা সবসময় থাকবে এ প্রতিশ্রুতি প্রদান করেন। তিনি তার নিজের ও তার সন্তানদের জন্য সকলের কাছে দোয়া কামনা করেন। তারা যেন সমাজের উন্নয়নে এবং অসহায় মানুষের জন্য কাজ করতে পারেন। তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে এ বিশাল মহতি কার্যক্রম পরিচালনার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান মিসেস মনিরা খাতুনকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য এবং অসহায় ও গরীব রোগীদের চিকিৎসা সহায়তায় এগিয়ে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রমের বিষয়ে অতিথিবৃন্দকে অবহিত করেন। উল্লেখ্য যে, হাসপাতালের মনিরা খাতুন এইচ.ডি.ইউ ইউনিটটি জনাব সৈয়দ এম. নুরুদ্দিন সাহেবের অর্থানূকুল্যে পরিচালিত হবে। এখানে আরো উল্লেখ্য যে, হাসপাতালের জাবেদ সরফুদ্দিন কার্ডিয়াক সেন্টার (সিসিইউ) জনাব সৈয়দ নুরউদ্দিন সাহেবের অর্থনুকূল্যে চালু করা হয়েছে। উক্ত সিসিইউ ইউনিটের জন্য তাদের পরিবারের পক্ষ থেকে প্রায় ৩০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। অদ্য মিসেস মনিরা খাতুন হাসপাতালের গরীব রোগীদের চিকিৎসা সহায়তায় তার ব্যক্তিগত যাকাত ফান্ড থেকে ৫০ হাজার টাকা প্রদান করেন।



*হাসপাতালের নবনির্মিত এইচডিইউ ইউনিটের উদ্বোধন করছেন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক সৈয়দ মোহাম্মদ নুরুদ্দিনের মাতা মিসেস মনিরা খাতুন।*

## এরিষ্টোফার্মা লিঃ কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের যাকাত ফান্ডে ১ লক্ষ টাকা অনুদান প্রদান

এরিষ্টোফার্মা লিঃ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের দরিদ্র মুসলিম রোগীদের চিকিৎসা সহায়তার জন্য হাসপাতালের যাকাত ফান্ডে ১ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। গত ১৭/০৮/২০১৩ ইং তারিখ এরিষ্টাফার্মা লিঃ এর পক্ষে এসিসটেন্ট সেলস ম্যানেজার জনাব মোঃ শাহাবুদ্দিন জোয়ারদার হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান ও ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী নুর মোহাম্মদ এর নিকট উক্ত যাকাতের টাকা হস্তান্তর করেন। এ সময় এরিষ্টোফার্মা লিঃ এর পক্ষে কোম্পানীর রিজিওনাল সেলস ম্যানেজার জনাব দেলোয়ার হোসেন, টেরিটোরি সেলস ম্যানেজার জনাব ওবায়দুল হক ও সিনিয়র মেডিকেল প্রমোশন অফিসার আমিনুল ইসলাম ও গোলাম কিবরিয়া উপস্থিত ছিলেন। হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জনাব এস এম মোরশেদ হোসেন, ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, কার্যনির্বাহী কমিটির সদস্য প্রফেসর সৈয়দা নুরজাহান ভূঁইয়া, জনাব মোঃ রেজাউল করিম আজাদ, মিসেস রেখা আলম চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ ও ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান এরিষ্টোফার্মা লিঃ কে হাসপাতালের অসহায়, গরীব মুসলিম রোগীদের চিকিৎসা সহায়তায় এগিয়ে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি সমাজের বিত্তশালীদের হাসপাতালের অসহায় ও গরীব রোগীদের চিকিৎসা সহায়তার জন্য যাকাত ও অনুদান প্রদানের মাধ্যমে এগিয়ে আসার আহবান জানান।



*এরিষ্টোফার্মা লিমিটেড এর পক্ষ হাসপাতালের যাকাত ফান্ডে ১লক্ষ টাকার অনুদানের চেক ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান এর নিকট হস্তান্তর করছেন কোম্পানীর এসিসটেন্ট সেলস্ ম্যানেজার জনাব শাহাবুদ্দিন জোয়ার্দ্দার।*

# Chattagram Maa-O-Shishu Hospital

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **July to September 2013**

| **Out Patient Dept. :** | **Jul '13** | **Aug '13** | **Sep '13** |
|---|---|---|---|
| Paediatric (Ticket) | 3718 | 3445 | 5432 |
| Paediatric Medicine | 3718 | 3445 | 5432 |
| Adult Patient (Medicine) | 1036 | 742 | 1482 |
| **Consultancy Service :** | | | |
| Consultancy Service (Paediatric) | 712 | 648 | 1156 |
| Consultancy Service (Adult) | 290 | 214 | 342 |
| Obs. & Gynae | 1755 | 1530 | 1903 |
| Surgical (Paediatric) | 490 | 375 | 525 |
| Surgical (General) | 390 | 338 | 401 |
| Mini O.T. | 434 | 284 | 618 |
| ENT | 564 | 514 | 1054 |
| Orthopaedics | 559 | 584 | 753 |
| Skin Diseases | 478 | 489 | 867 |
| Eye | 468 | 362 | 567 |
| Dental Cases | 467 | 372 | 527 |
| ORT | 30 | 52 | 40 |
| Psychology | 134 | 146 | 350 |
| Neurology | 207 | 191 | 290 |
| Asthma Clinic | 35 | 162 | 410 |
| Family Planning | 150 | 223 | 132 |
| Psychiatry | 137 | 104 | 133 |
| Dots Corner | 50 | 72 | 152 |
| Spech Therapy | 42 | 41 | 120 |
| Physiotherapy | 592 | 238 | 335 |
| L.M.C | 47 | 50 | 60 |
| Referred Casses | 106 | 120 | 261 |
| E.P.I | 1054 | 1170 | 1059 |
| Gastroenterology Unit | 123 | 72 | 89 |
| **In-Patient Department :** | | | |
| Paediatric (Admission) | 2875 | 2973 | 3320 |
| Maternity (Admission) | 494 | 474 | 567 |
| Neonatal (Admission) | 219 | 222 | 219 |
| Adult Medicine (Admission) | 379 | 380 | 350 |
| CCU (Admission) | 18 | 27 | 37 |
| Paediatric Surgery (Admission) | 135 | 136 | 145 |
| Paediatric Surgery (Operation) | 80 | 68 | 87 |
| Operation Obs. & Gynae | 252 | 258 | 267 |
| General Surgery (Admission) | 155 | 159 | 139 |
| General Surgery (Operation) | 27 | 15 | 24 |
| Orthopadic Surgery (Admission) | 65 | 40 | 58 |
| Orthopadic Surgery (Operation) | 16 | 18 | 08 |
| E.N.T. (Admission) | 16 | 16 | 21 |
| E.N.T. (Operation) | 07 | 09 | 12 |
| Eye (Admission) | 01 | 09 | - |
| Cabin (Admission) | 309 | 309 | 383 |
| Pathology | 4456 | 4422 | 4441 |
| Radiology | 1694 | 1740 | 2323 |
| Ultrasanography | 853 | 733 | 691 |
| E.C.G | 281 | 157 | 245 |
| Kidney Dialysis | 203 | 182 | 235 |
| Echocardiogram | 34 | 26 | 61 |
| Emergency | 3357 | 2627 | 4052 |
| Total Deth | 48 | 51 | 46 |
| Hospital Income | 18046081 | 17201517 | 21305538 |
| Othe Income | **7207189** | **4806582** | **7265266** |

## *DONORS OF -July,August & September.-2013*

| **Materials** | **July** | **August** | **September** |
|---|---|---|---|
| Karnafuly sanitary(Celing Fan) | 18900 | - | - |
| Rotary club of Chittagong (Head box) | 64000 | - | - |
| Md Rezul Karim. | - | 71200 | - |
| (Oxygen Producer machine,Cylinder,Flow meter) | | | |
| **Total :** | **82900** | **71200** | **-** |
| **Medicine Received:** | | | |
| Prof,Dr Mahmud A Chy.( Arzo) | 2536 | - | 4894 |
| Dr Dipika Day | 1506 | - | - |
| The ACME Laboratoris Ltd | 4320 | - | - |
| Md Zaman . | 2855 | - | - |
| Prof Dr.Wazir Ahmed. | 4010 | - | - |
| Fasska | 30600 | - | - |
| CMOSH Pharmacy | - | 2400 | - |
| Opso Saline Ltd. | - | - | 1435 |
| Beximco Pharmaceuticals Ltd. | - | - | 1875 |
| The Ibn sina Pharmaceuticals Ind. Ltd | - | - | 3454 |
| Md. Mozammel Haque | - | - | 54000 |
| **Total :** | **45827** | **2400** | **65658** |
| **Cash:** | | | |
| Syed Md Nur Uddin | - | - | 1000000 |
| C M P Donation | - | 30000 | 30000 |
| GOB.Grant (Ministry of Health) | 2500000 | - | - |
| RCY- Alumni Chittagong. | - | 15000 | - |
| Mr Sadeque Hossain | - | 25000 | - |
| Md Imran Khan& Dr Shamim Khan. | - | - | 1000000 |
| Syed Md Nur Uddin | - | - | 300000 |
| **Tatal:** | **2500000** | **70000** | **2330000** |
| **Donation of The Month:** | **2628727** | **143600** | **2395658** |
| **Benevolent Fund Received:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 188105 | 180461 | 172015 |
| Received From M.R Card. | 31500 | 27020 | 16500 |
| Mrs. Nadera Banu Begum. | 10000 | 10000 | 10000 |
| Mr Mozammel Alam chy. | - | - | 50 |
| Matron & All Nursing Staff (CMOSH). | 600 | 600 | 600 |
| | **230205** | **218081** | **199165** |
| **Tatal:** | | | |
| **Zakat Received:** | **2532300** | **1332501** | **601320** |

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Jambooree Field, Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
**E-mail : cmoshctg@gmail.com, Web Site : www.maa-shishu-ctg.org**

# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত কেবিন ব্লকের আনুষ্ঠানিক উদ্বোধন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নবনির্মিত কেবিন ব্লকের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশিষ্ট শিল্পপতি, সমাজ সেবক, জাতীয় সংসদ সদস্য, ইউসিবিএল নির্বাহী কমিটির চেয়ারম্যান আলহাজ্ব সাইফুজ্জামান চৌধুরী জাবেদ, এমপি। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমানের সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আলহাজ্ব সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেন, নিঃসন্দেহে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সারা দেশের জন্য একটি মডেল প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হচ্ছে। স্বাস্থ্য সেবায় বিশেষ করে শিশু মৃত্যু রোধে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। যা সরকারের এমডিজি লক্ষ্য মাত্রা অর্জনে অত্যন্ত সহায়ক হিসেবে কাজ করছে। তিনি আরো বলেন মা ও শিশু হাসপাতাল আরো সামনের দিকে এগিয়ে যাবে এই বিশ্বাস আমার আছে। তিনি দল মত নির্বিশেষে সকলকে হাসপাতালের উন্নয়নে এগিয়ে আসার জন্য আহবান জানান। বিশেষ করে ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবন নির্মাণ প্রকল্পে সকলকে সহযোগিতা করার জন্য তিনি আহবান জানান। তিনি বলেন, এ প্রতিষ্ঠান আমাদের সকলের এ প্রতিষ্ঠানকে এগিয়ে নেয়া আমাদের সকলের দায়িত্ব। তিনি হাসপাতালের উন্নয়নে তার পক্ষে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন এবং হাসপাতালের যেকোন প্রয়োজনে পাশে থাকবেন এই প্রতিশ্রুতি প্রদান করেন। তিনি হাসপাতালের জন্য একটি মেডিকেল এ্যাম্বুলেন্স প্রদানের জন্য প্রতিশ্রুতি প্রদান করেন। সভাতে আরো বক্তব্য রাখেন জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব দিপক চক্রবর্তী, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ,ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক ও নার্সিং উপদেষ্টা মিসেস মালতী বড়ুয়া। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, জনাব এস এম কুতুব উদ্দিন, অধ্যাপক খন্দকার বোরহান উদ্দিন, ডাঃ সাদিক সাইফুর রহমান, প্রফেসর ফরিদুল আলম, ডাঃ এ এম এম এহতেশামুল হক, উপ-পরিচালক নার্সিং ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া, সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন ও ডাঃ এ কে এম আশরাফুল করিম প্রমুখ। সভাপতির বক্তব্যে ডাঃ এম মাহফুজুর রহমান প্রধান অতিথি আলহাজ্ব সাইফুজ্জামান চৌধুরী জাবেদকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। এর আগে প্রধান অতিথি হাসপাতালের নবনির্মিত কেবিন ব্লক আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন এবং হাসপাতালের বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শন করেন। উল্লেখ্য, ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে হাসপাতালের ২য় তলায় শিশু বিকাশ ভবনের উপর ১২টি নতুন কেবিন নির্মাণ করা হয়। এতে রোগীদের কেবিনের চাহিদা কিছুটা লাঘব হবে।



*আনোয়ারা থেকে নির্বাচিত জাতীয় সংসদ সদস্য ও ইউসিবিএল-এর নির্বাহী কমিটির চেয়ারম্যান আলহাজ্ব সাইফুজ্জামান চৌধুরী জাবেদ কে হাসপাতালের পক্ষ থেকে শুভেচ্ছা ক্রেস্ট প্রদান করছেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডা. এম. মাহফুজুর রহমান, এস এম মোরশেদ হোসেন, ভারপ্রাপ্ত সেক্রেটারী মো. রেজাউল করিম আজাদ ও ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা।*

**EDITORIAL BOARD :**

Chief Editor : **Dr. Anjuman Ara Islam** • Executive Editor : **Nur Mohammad,**
Editor : **Md. Rezaul Karim Azad** • Published by : **Engineer Md. Jabed Absar Chowdhury**
Printed by : **Pack Art & Roby Printers. Phone : 626333**